



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে-বাংলা-নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.৩৪

তারিখঃ ১১-০৭-২০১৯ খ্রি.

সরকারি/বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ণদের ডিপ্লোমা- ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ৩য় পর্বের শূন্য আসনে ভর্তির বিজ্ঞপ্তি।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা- ইন-ইঞ্জিনিয়ারিং ও ট্যুরিজম এন্ড হসপিটালিটি কোর্সে ৩য় পর্বের শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভর্তির জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর কারিগরি বোর্ডের নির্ধারিত ফরমে শিক্ষার্থীদের আবেদন করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক ভর্তির জন্য আবেদনকারীর তথ্য কারিগরি শিক্ষা বোর্ডের (www.bteb.gov.bd) ওয়েবসাইটে Login করে রেজিস্ট্রেশন ফোল্ডারে ডিপ্লোমা পর্যায়ে এক্সেল শীটে পূরণ করতে হবে। ভর্তির নিয়মাবলী ও অন্যান্য তথ্য বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে।

২.০ ভর্তি সংক্রান্ত সময়সূচি :

ক্রমিক নং	বিষয়	তারিখ
২.১	শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের শেষ সময়	২০/০৭/২০১৯খ্রিঃ হতে ২৯/০৭/২০১৯ খ্রিঃ
২.২	প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে বোর্ডে প্রেরণের শেষ সময়	৩০/০৭/২০১৯খ্রিঃ
২.৩	প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের সময়	০১/০৮/২০১৯ খ্রিঃ
২.৪	প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাস শুরু সময়	০৩/০৮/২০১৯ খ্রিঃ

৩.০ ভর্তির আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী :


৩.১ ক) বাংলাদেশের সাধারণ শিক্ষা বোর্ড হতে উচ্চতর গণিতসহ এইচএসসি (বিজ্ঞান) পাস হতে হবে। খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য এইচএসসি (বিজ্ঞান)-এ ন্যূনতম জিপিএ ২.৫০ থাক দিতে হবে। গ) বে-সরকারি প্রতিষ্ঠানের জন্য এইচএসসি (বিজ্ঞান)-এ ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। ঘ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৭, ২০১৮, ২০১৯ এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৩ হতে ২০১৯ সাল পর্যন্ত এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ণরা ভর্তির জন্য যোগ্য হবে।

৩.২ আবেদনের সময় প্রয়োজনীয় কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ক) এসএসসি পাসের সনদপত্র। খ) এসএসসি ও এইচএসসি পাসের নম্বরপত্র। গ) এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড
ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র। ঙ) পাসপোর্ট সাইজের রস্ট্রিন ছবি-৩ কপি।

৩.৩ ক) প্রতিষ্ঠান হতে নির্ধারিত ভর্তির আবেদন ফরম ৫০/- টাকা জমা দিয়ে উত্তোলন করতে হবে এবং সংশ্লিষ্ট অধ্যক্ষ বরাবর ১০০.০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

খ) ভর্তির সময় এস.এস.সি এবং এইচ.এস.এস এর মূল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। এইচএসসি (বিজ্ঞান)-এ প্রাপ্ত জিপিএ অনুসারে ভর্তিচ্ছুক শিক্ষার্থীর মেধার ক্রমানুসারে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। এইচএসসিতে একই জিপিএ হলে এসএসসি জিপিএ ও উচ্চতর গণিতে প্রাপ্ত নম্বর বিবেচনা করে মেধাক্রম করা হবে।


পরিচালক (কারিকুলাম) ১১/৭/১৯
ও ভর্তি কমিটির সদস্য সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।